

MM

সরকারী কর্মকর্তাদের উচ্চশিক্ষায় ৫৭ কোটি টাকা অনুদান দিচ্ছে জাইকা

স্টাফ রিপোর্টার ॥ মানবসম্পদ উন্নয়ন প্রকল্পে প্রায় ৫৭ কোটি টাকা অনুদান দিচ্ছে জাইকা। অনুদানের অর্থ বাংলাদেশের ৩০ জন সরকারী তরঙ্গ কর্মকর্তাদের জাপানে উচ্চশিক্ষার জন্য ব্যয় হবে। এসব কর্মকর্তা জাপানের বিশ্ববিদ্যালয়গুলোতে জন প্রশাসন, অর্থনীতি, বিচার ব্যবস্থা, নগর পরিকল্পনা, পাবলিক ফিন্যান্স, ইনভেস্টমেন্ট পলিসি ইত্যাদি বিষয়ে মাস্টার্স/পিএইচডি করার সুযোগ পাবেন। মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা শগরের এনইসি সম্মেলন কক্ষে এ বিষয়ে বাংলাদেশ ও জাপানের সরকারের মধ্যে 'বিনিময় নোট' এবং 'অনুদান

'চুক্তি' সই হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব কাজী শফিকুল আযম এসব চুক্তিতে সই করেন। জাপানের রাষ্ট্রদূত মাসাতো ওয়াজানাবে 'বিনিময় নোট' এবং টাকায় নিযুক্ত জাইকার চীফ রিপ্রেজেন্টেটিভ তাকাডেশি নিশিকাতা 'অনুদান চুক্তিতে' সই করেন। জানা গেছে, 'দ্য প্রজেক্ট ফর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট স্কলারশিপ' শীর্ষক প্রকল্পের তিন ও চার বছর মেয়াদী চুক্তি আলাদাভাবে ৩৪৫ ও ৪৪৫ মিলিয়ন জাপানী ইয়েন অনুদান সহায়তা প্রদান করবে।

| | |
|----------------------------------|----------|
| ব্যানবেইস পরিচালকের কার্যালয় | |
| প্রাপ্তি নং..... | |
| তারিখ..... | |
| ডাক, পরিসংখ্যান বিভাগ | |
| টীকা, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |
| কর্মার্থে/জ্ঞাতার্থে | |
| | স্বাক্ষর |